দৈনিক বাংলা

তারিখ 28 MAR 1995
পৃষ্ঠা ৬ কলাম ৭

257

# ঢাকা ভার্সিটির শহীদদের নামাঙ্কিত স্মৃতি ফলক উন্মোচন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ মুক্তিযুদ্ধের সময় নিহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৫০ জন শহীদের নামাঙ্কিত স্মৃতিফলক উন্মোচন করা হয়েছে।

ভাইস চ্যান্সেলরের বাসভবনের সামনে সড়ক দ্বীপে অবস্থিত এ স্মৃতিফলক উন্মোচন করেন শহীদ প্রফেসর মুনীর চৌধুরীর স্ত্রী মিসেস লিলি চৌধুরী।

স্মৃতিফলকে শহীদ ১৯ জন শিক্ষক, ১০১ জন ছাত্র, ১ জন কর্মকর্তা ২৮ জন কর্মচারী ও মধুর রেস্তোরাঁর মধুসূদন দের মধুদা নাম স্থান পেয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ, তিনি বলেন, মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান, তাদের বীরোচিত আত্মত্যাগের বিনিময়ে আমরা বিশ্বের কাছে স্বাধীন জাতি হিসাবে প্রতিষ্ঠা পেয়েছি। তিনি শহীদদের স্বপ্ন বাস্তবায়নের জন্য সকলকে অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানান।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ওয়াকিল আহমদ, কোষাধ্যক্ষ প্রফেসর শহীদউদ্দীন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর এটিএম জহুরুল হক, সাধারণ সম্পাদক প্রফেসর এসএম ইনামুল হক, ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি, জিএস খায়রুল কবির খোকন, এজিএস নাজিমউদ্দীন আলম, বিভিন্ন অনুষদের ডীন, ছাত্র-শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

স্মৃতি ফলকটির স্থপতি মসিহউদ্দিন শাকের। গত নভেম্বর মাসে স্মৃতি-ফলকটি স্থাপনের কাজ শুরু হয়। ১২ লাখ টাকা ব্যয়ে এটি নির্মিত হয়।